

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব বাবলু কুমার সাহা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তারিখ : ২১ অক্টোবর ২০১৯
সময় : সকাল ১১:০০ ঘটিকা
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

মহাপরিচালক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১৬ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভার নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা অনুযায়ী সম্পন্ন হয়েছে। তবে, নিম্নের বিষয়গুলো বাস্তবায়নে আরও তৎপর হতে হবে। অন্যথায় পরবর্তী ত্রৈমাসিক প্রমাপ অনুযায়ী অগ্রগতি অর্জন সম্ভব হবেনা।

সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) এর কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতির বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয়।	নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত ১০০% বাস্তবায়নে সকলকে সচেতন ও অন্তরিক হতে হবে।	সকল শাখা
২	অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভার বিষয়ে আলোচনা হয়।	সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অংশীজনের (stakeholder) অংশগ্রহণে ১ম সভা অক্টোবর-ডিসেম্বর/২০১৯ মাসের মধ্যে আয়োজন করতে হবে।	কার্যক্রম শাখা
৩	উত্তম চর্চার তালিকা প্রণয়নের বিষয়ে আলোচনা হয়।	উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে বাণিজ্য মন্ত্রণালয়ে ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।	প্রশাসন শাখা
৪	প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	অক্টোবর-ডিসেম্বর/১৯ মাসের মধ্যে ১টি গণশুনানী আয়োজন করতে হবে।	কার্যক্রম শাখা
৫	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়।	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত, সুশাসন সংক্রান্ত ও দুর্নীতি প্রতিরোধে উদ্ভুদ্ধকরণ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	প্রশিক্ষণ ও প্রচার শাখা
৬	শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়।	ক. শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিসসমূহ নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। খ. শাখা প্রধানগণ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নির্দিষ্ট মেয়াদান্তে নিজ নিজ শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিলকরণ অব্যাহত রাখবেন।	সকল শাখা
৭	ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদের বিষয়ে আলোচনা হয়।	অধিদপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স ৩১/১২/১৯ তারিখের মধ্যে হালনাগাদ করতে হবে।	প্রশাসন শাখা

৮	আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদানের বিষয়ে আলোচনা হয়।	৩১/১২/১৯ তারিখের মধ্যে ফিডব্যাক সভা আয়োজন করতে হবে।	প্রশাসন শাখা
---	---	--	--------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-


(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৮১৮৯৪২৬
ই-মেইল: dg@dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.১৬.২৬৯.১৯-৮৪৬

তারিখ: ২২ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার)/(প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক, প্রধান কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। অফিস কপি।



(আতিয়া সুলতানা)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৮১৮৯৪১০

ই-মেইল: ad-admin@dncrp.gov.bd